R. N. No. 2532/57 Ph. : 266228 (P.), 26722 (Resi.)/STD 03483 P. Regd No WB/MSD-05

Webel
Computer Training Centre (Under Govt. of West Bengal)
এখানে ছাত্র-ছাত্রীরা পাবে উন্নতমানের কম্পিউটার শিক্ষা ও সার্টিফিকেট যা Employment Exchange-এ গ্রহণযোগ্য
বাজারপাড়া প্রাঃ স্কুলের পাশে রঘুনাথগঞ্জ, ফোন (০৩৪৮৩) ২৬৬১০৪ মোঃ ৯৭৩২৯১১৮৪০, ৯২৩২৪৫০৬৪১

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত)
ফোন : ২৬৬৫৬০
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৯৪শ বর্ষ
৫ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৯শে জ্যৈষ্ঠ, বুধবার, ১৪১৪ সাল।
১৩ই জুন ২০০৭ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক : ৫০ টাকা

## বিড়ি শিল্পে সংকট আরও বাড়বে—শ্রমিকদের জীবিকার অন্য পথ বার করতে প্রণববাবুর আহ্বান

অসিত রায় : ২০০৩ সালের টোব্যাকো আইনের কালাকানুন বাতিলের দাবীতে পশ্চিমবাংলায় বিক্ষোভ মিছিল, সমাবেশ অব্যাহত। তারই প্রেক্ষিতে জঙ্গিপুর মহকুমা বিড়ি শ্রমিক ইউনিয়নের ডাকে গত ১০ জুন অরঙ্গাবাদে আই. এন. টি. ইউ. সি-র এক বিশাল জনসভায় উপস্থিত ছিলেন জঙ্গিপুরের সাংসদ প্রণব মুখার্জী। এছাড়া ছিলেন অন্য তিন সাংসদ অধীর চৌধুরী, মান্নান হোসেন এবং আবু হাসান খাঁন চৌধুরী। আন্তর্জাতিক স্তরে পৃথিবীর সমস্ত দেশে ধূমপান নিয়ন্ত্রণে জনচেতনা যখন বাড়ছে, তখন এই আইন প্রত্যাহারের কোন উপায় নেই। তারই প্রচেষ্টায় কেন্দ্রীয় স্তরে গত ১ জুন থেকে জারী করা এই কানুন আপাততঃ স্থগিত থাকলেও তা বাতিল হচ্ছে না। তবে বিড়ির লেবেলে সতর্কীকরণ বিজ্ঞপ্তি সমেত মড়ার খুলি ও ক্যান্সার আক্রান্ত শিশুর ছবি ছাপানো অসুবিধাজনক। তাই চিন্তা ভাবনা করে সন্তোষজনক উপায় বের করার প্রয়োজন হয়েছে। সুস্থ, সবল মানুষের স্বাভাবিক জীবনযাপন অবশ্যই কাম্য। কিন্তু এর প্রয়োজনে বিড়ি শিল্পের সাথে যুক্ত লক্ষ লক্ষ শ্রমিককে কোন মতেই না খেয়ে মরতে দেওয়া হবে না। প্রণববাবু বলেন—আগামী ১০/১২ বছরের মধ্যে বিড়ি শিল্পের সমস্যা এবং সংকট যে আরও বাড়বে তাতে সন্দেহ নেই। এমনকি তা একেবারে বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনাও প্রবল। বর্তমান বিশ্বায়নের যুগে তাই জীবিকার বিকল্প পথ বের করার আহ্বান জানান প্রণব। তিনি জানান—ধুলিয়ানের তারাপুর হাসপাতালকে আধুনিক পরিকাঠামোয় গড়ে তোলার জন্য বিশেষজ্ঞের একটি দল খুব শীঘ্র সেখানে আসছে। হাসপাতালের (শেষ পৃষ্ঠায়)

## চুপেচাপে কয়েক লক্ষ টাকার ওষুধ খরিদ

নিজস্ব সংবাদদাতা : ফরাক্কা ব্লকের অর্জুনপুর স্বাস্থ্যকেন্দ্রের এ্যাসিঃ মেডিক্যাল অফিসার ডাঃ আশিস অধিকারী ব্লক মেডিক্যাল অফিসারের অনুপস্থিতিতে তাঁর রাবার ষ্ট্যাম্প ব্যবহার করে লক্ষাধিক টাকার ওষুধপত্র স্থানীয় বাজার থেকে খরিদ করেন বলে অভিযোগ। এই খবর ফাঁস হয়ে গেলে অর্জুনপুরের পঞ্চায়েত প্রধান এর বিরোধীতা করেন এবং সমস্ত ঘটনা ফরাক্কার বিডিওর নজরে আনেন বলে খবর। এই ঘটনার তদন্ত দাবী করেছেন এলাকার মানুষ।

## আপনারা কি জানেন ?

নিজস্ব সংবাদদাতা : জন্ডিসের মতো দুরারোগ্য ব্যাধির প্রধান প্রতিষেধক হেপাটাইটিস বি ইনজেকশন। বহু সময় ওষুধের অভাবে মানুষ হাসপাতালেও প্রাণ হারাচ্ছে। বাইরে থেকে চড়া দামে বহু গরীব মানুষকে এই ইনজেকশন সংগ্রহ করতে হয়। (শেষ পৃষ্ঠায়)

## রাজীব গান্ধী ভূলুণ্ঠিত

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ বাস টার্মিনাসের উল্টোদিকে রাস্তার ধার ঘেঁষে রাজীব গান্ধীর আবক্ষ মূর্তিটি ১৯৯৭ সালে বিধানসভার বিরোধী দলনেতা অতীশ সিংহ উন্মোচন করেন। ৭ জুন সকাল ন'টা নাগাদ বাসের ধাক্কায় ঐ মূর্তিটি বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। জানা যায়, ঘটনার দিন (শেষ পৃষ্ঠায়)

## কৃতি ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত লেটার পাওয়া মেধাবী দুঃস্থ ছাত্র-ছাত্রীদের পুস্তক বিতরণ এবং জয়েন্ট এন্ট্রাস পরীক্ষায় কৃতিদের সম্বর্ধনা দেওয়া হলো এক মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ে গত ৯ জুন। ব্যবস্থাপনায় রঘুনাথগঞ্জ ২নং (শেষ পৃষ্ঠায়)


স্বর্ণচরী, বালুচরী, আরিষ্টিচ, জারদৌসী, কাঁথাষ্টিচ, গরদ, জামদানী, জ্যাকার্ড, মুর্শিদাবাদ সিল্ক শাড়ী, কালার থান, মেয়েদের চুড়িদার পিস, টপ, ড্রেস পিস পাইকারী ও খুচরো বিক্রী করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।
ঐতিহ্যবাহী সিল্ক প্রতিষ্ঠান গৌতম মনিয়া
ষ্টেট ব্যাঙ্কের পাশে (মির্জাপুর প্রাইমারী স্কুলের উল্টোদিকে)
মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ) ফোন :২৬২০৪১/২৬২১৭৬, মোবাইল ৯৪৩৪০০০৭৬৪

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৯শে জ্যৈষ্ঠ বুধবার, ১৪১৪ সাল।

## এইবারের মাধ্যমিক

এইবারের মাধ্যমিকের ফল প্রকাশিত হইয়াছে। পর্ষদের নির্দিষ্ট নির্ঘণ্ট অনুসারে তাহা প্রকাশিত হইলেও সংবাদে প্রকাশ, ফল জানাজানি তাহার আগেই হইয়া গিয়াছে। উৎসুক আগ্রহী পরীক্ষার্থীদের অনেকেই জানিয়াছে তাহাদের ফলাফল। ভাল কথা। তবে একটা 'কিন্তু' থাকিয়া গিয়াছে। তাহা হইল আনুষ্ঠানিকতার ব্যাপার। যখন আনুষ্ঠানিকভাবে ফল যথা নির্দিষ্ট দিনের বৈকাল বেলায় প্রকাশিত হইল, সাংবাদিক বৈঠকে তাহার পূর্বেই নাকি অনেকেই তাহাদের ফল জানিয়া ফেলিয়াছে। পরীক্ষার ব্যাপারে যে শব্দটি প্রায়শঃই শোনা যায় তাহার নাম 'ফাঁস'। শুধু পরীক্ষার ফলাফলের ক্ষেত্রেই নয়। বিভিন্ন ছোট বড় পরীক্ষার ক্ষেত্রেও প্রশ্নপত্র ফাঁসের খবর অনেকেরই জানা। মাধ্যমিকের ফল প্রকাশের পূর্বেই তাহার ফাঁস লইয়া নানা মহলে কথা উঠিয়াছে। বিষয়টিকে 'গুরুতর' বলিয়া মনে করা হইয়াছে। সব বিষয়েই কিছু গোপনীয়তা, শুচিতা থাকে। তাহা জনস্বার্থে রক্ষা করিয়া চলিতে হয়। নচেৎ বিভ্রান্তির সম্মুখীন হইতে হয়। গত বছর ওনাকি এই রকম ঘটিয়াছিল। পর্ষৎ সভাপতি বলিয়াছিলেন বিষয়টিকে ভালভাবে দেখা হইবে, কারণ খোঁজা হইবে এই ব্যতিক্রমের। এইবারও তাহার পুনরাবৃত্তি ঘটিল। ঘটনাটিকে দুর্ভাগ্যজনক ছাড়া কি বলা যাইতে পারে। কাহারো মতে ইহা হওয়া উচিত নয়, কেহ মনে করেন—ইহা একটা বিড়ম্বনার ব্যাপার। আবার কাহারো সিদ্ধান্ত—ইহা বার বার ঘটা বাঞ্ছনীয় নয়—বিষয়টিকে গুরুত্ব দিয়া পর্যালোচনা করা দরকার। এবম্বিধ মতামতের চাপান-উতোর চলিতেছে, চলিয়াও থাকে। যাহাই হউক—একটা প্রতিষ্ঠানের কাজের গোপনীয়তা রক্ষার দায়বদ্ধতা থাকা দরকার এবং তাহা প্রত্যাশিত।

এইবারের মাধ্যমিকের সাফল্যের হার বেশ ভাল। সর্বোচ্চ নম্বরও বাড়িয়াছে। প্রশ্নের ধরন পরিবর্তনই নাকি ইহার কারণ। লক্ষ্যণীয়—প্রাপকদের তালিকায় জেলার স্থান উল্লেখযোগ্য জেলার মধ্যে পাশের হার বাড়িয়াছে পূর্ব মেদিনীপুরের। এই জেলাতে ৮১% উত্তীর্ণ হইয়াছে। মহানগরীর সামগ্রিক পাশের হার সেখানে ৭৪.৬২%।

পরীক্ষার ফলাফল হইতে দেখা যাইতেছে মফঃস্বলের ছাত্রছাত্রীরা ভাল ফল করিয়াছে। রাজ্যের সমস্ত মানুষের দৃষ্টি বাড়িয়াছে প্রত্যন্ত গ্রামের একটি বিদ্যালয়ের ছাত্র। দক্ষিণ দিনাজপুরের বংশীহারী বিদ্যালয়ের এক ছাত্র। শোনা যাইতেছে সে নাকি মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার হাটপাড়া গ্রামের অধিবাসী। এই উজ্জ্বল ছাত্রটির নাম আরিফ সেখ। সে একজন দিন মজুরের সন্তান। পিতা দুর্ঘটনায় মৃত। দক্ষিণ দিনাজপুরের আল আমিন মিশনের ছাত্রাবাসে থাকিয়া সে পড়াশোনা করিয়াছে। গৃহ শিক্ষক রাখিবার মতো সামর্থ্য তাহার ছিল না। বিদ্যালয় শিক্ষকদের সাহায্য, সহানুভূতি, আনুকূল্য, সহযোগিতা এই কিশোরকে মানসিক শক্তি জোগাইয়াছে। মনের জোর যে সাফল্যের গোপন চাবিকাঠি তাহাতে সন্দেহ নাই। ছাত্র সমাজের কাছে ইহা তাহার একটি বড় টিপ্‌স্। সফলকাম এই ছাত্রটিকে আমরা অভিনন্দন জানাই।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### পৌর কাউন্সিলরের স্বজনপোষণ বন্ধ হোক

জঙ্গিপুর পৌরসভার ৪নং ওয়ার্ডের রঘুনাথপুর টিনপাড়া, নদীপাড়া ও সাদরুপাড়ার নবনির্মিত রাস্তায় কোন বৈদ্যুতিক সংযোগ নাই। ওয়ার্ডের নাগরিকরা বৈদ্যুতিক পরিষেবা থেকে বঞ্চিত। তা ছাড়া ঐ এলাকার ২টি হাইড্রেন নিয়মিত পরিষ্কার না হওয়ায় চারিদিকে দুর্গন্ধ ছড়াচ্ছে। এসব বিষয়ে ওয়ার্ডের সি, পি, কাউন্সিলর-এর কাছে অভিযোগ করেও কোন ফল পাওয়া যায়নি। উপরন্তু কাউন্সিলর সাহেব নাগরিকদের প্রতিদিনের সমস্যার কোন প্রতিকার না করে নিজের সম্পত্তি রক্ষার প্রয়োজনে গার্ডওয়াল তৈরী করেছেন। এছাড়া পার্টির ব্রাঞ্চ সম্পাদকের বাড়ীর সামনেও গার্ডওয়াল ও তার রাস্তা ঢালাই করে দিয়েছেন। এই ধরনের নগ্ন স্বজনপোষণ বন্ধ করে ওয়ার্ডের প্রধান সমস্যাগুলির প্রতিকারে পৌরপতির দৃষ্টি আকর্ষণ করছি।

মহঃ সামসুল আলম খান
১৪/০৫/০৭ রঘুনাথপুর

## ভালরে ভাল !

শৈলভদ্র সান্যাল

দাদাগো—
দেখেছি ভেবে অনেক দূর—
এই দুনিয়ার সবই ভাল।
ফাঁকিও ভাল, ফাকও ভাল
ঢেঁকিও ভাল, ঢাকও ভাল
ডাবরের দাঁত-মাজন ভাল
চড়কপুজোর গাজন ভাল
কে সি পালের ছাতা ভাল
কাতলা মাছের মাথা ভাল
হালকা দাড়ি ছাঁটতে ভাল
রঙিন ঘুড়ি কাটতে ভাল
অন্যকে ল্যাং মারতে ভাল
চোরাই মালটি ঝাড়তে ভাল
পরের ভিটেয় চড়তে ভাল
পিরিত করে মরতে ভাল
ফোকলা দাঁতের হাসি ভাল
চিকন-খাসা খাসি ভাল
রামধনু রঙ্ রাঙতে ভাল
মাথায় কাঁটাল ভাঙতে ভাল
গিটকিরি গান গাওয়া ভাল
শিল্পায়নের হাওয়া ভাল
পদযাত্রায় হাঁটতে ভাল
চিকেনকারি চাটতে ভাল
টাকার গন্ধ শুঁকতে ভাল
পরীক্ষাতে টুকতে ভাল
দুধেল গাইয়ের চাটটি ভাল
চুলের কদম ছাঁটটি ভাল
বরের পকেট মারতে ভাল
পরের দখল কাড়তে ভাল
প্রিয়ার সোহাগ চড়টি ভাল
ঘেঁষাঘেঁষির ঘরটি ভাল
কিন্তু সবার চাইতে ভাল
ডালমুট আর চানাচুর ॥

### সপ্তম বার্ষিক অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতাঃ মির্জাপুর নেতাজী ফ্রী চিলড্রেন সোসাইটির ৭ম বার্ষিক অনুষ্ঠান গত ২০ মে সাড়ম্বরে উদযাপিত হয়। বিভিন্ন স্তরের প্রতিযোগিতায় নাটক এবং সাংস্কৃতিক পরিবেশনা ছাড়া পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত দুঃস্থ, তপশীলি জাতি উপজাতি ও প্রতিবন্ধী ২৫ জন ছাত্রছাত্রীকে সম্পূর্ণ পাঠ্য পুস্তকের সেট বিনা মূল্যে দেওয়া হয়। এছাড়াও স্থানীয় বি. পি. এল তালিকাভুক্ত পরিবারের ৪ জন ছাত্র-ছাত্রীর ২০০৭—২০০৮ শিক্ষাবর্ষে শিক্ষা সংক্রান্ত সমস্ত খরচ সোসাইটির পক্ষ থেকে বহন করা হবে বলে এক সাক্ষাৎকারে জানালেন সোসাইটির সম্পাদক প্রভাত দত্ত।

## কংগ্রেসের ডাকে অবস্থান বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সমস্ত গ্রাম পঞ্চায়েতের যে বি. পি. এল. তালিকা প্রকাশিত হয়েছে তার অধিকাংশই অসংগতিপূর্ণ এবং ভুলে ভরা। প্রকৃত গরীবদের বঞ্চিত করে এই তালিকা তৈরী হয়েছে এবং বিভিন্ন বিদ্যালয়ে মিড-ডে মিলের দায়িত্ব স্বনির্ভর গোষ্ঠীগুলিকে দেওয়ার জন্য পক্ষপাতিত্ব ও দলবাজী, এস. এস. কে. স্কুলগুলিতে নিয়ম বহির্ভূত নিয়োগ প্রভৃতি সমস্যা নিয়ে কংগ্রেসের পক্ষ থেকে এক বিশাল বিক্ষোভ সমাবেশ হয় রঘুনাথগঞ্জ ২নং ব্লক অফিস প্রাঙ্গণে গত ৪ জুন। জেলা পরিষদ সদস্য মহঃ আখরুজ্জামানের নেতৃত্বে এক প্রতিনিধি দল বি. ডি. ও. অনির্বাণ কোলের কাছে ১৩ দফা দাবী নিয়ে আলোচনা করেন। দাবীসমূহ অবিলম্বে কার্য্যকর না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে যেতে বাধ্য হবার কথা জানানো হয়। ঐদিন এলাকায় প্রচুর পুলিশ মোতায়েন ছিল।

## বি পি এল আবেদন পত্রের দাম দশ টাকা

নিজস্ব সংবাদদাতা ঃ ধুলিয়ান পৌর এলাকায় দারিদ্রসীমার নীচে বসবাসকারী অধিবাসীদের সরকার প্রকাশিত বি পি এল তালিকায় নাম না থাকায় এলাকায় ব্যাপক ক্ষোভ দেখা দেয়। পৌর চেয়ার পার্সেন এ ব্যাপারে সর্বদলীয় বৈঠক ডাকেন। তার প্রেক্ষিতে নির্দিষ্ট ফর্মে নতুনভাবে নাম জমা নেয়ার সিদ্ধান্ত হয়। সাক্ষরতার শিক্ষকদের ফর্ম জমা নেয়ার দায়িত্ব দেয়া হয়। কিন্তু অভিযোগ উঠেছে—প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলাররা বি পি এল আবেদনপত্র ছাপিয়ে পাঁচ থেকে দশ টাকায় বিক্রী করছেন। অথচ বাজারে এই আবেদনপত্র পঞ্চাশ পয়সা থেকে এক টাকায় পয়সা যাচ্ছে। শুধু তাই নয় অনেক ওয়ার্ডে ভোটার সংখ্যা ১২০০ থাকলেও সেখানে আবেদনপত্র জমা পড়ে ১৫০০। এখন প্রকৃত গরীব কারা এটা কারা নির্দ্ধারণ করবে এটাই দেখার।

## হাসপাতালের সমস্যা সমাধানে স্মারকলিপি

নিজস্ব সংবাদদাতা ঃ জঙ্গিপুর মহকুমা হাসপাতালের কিছু ডাক্তার ও কর্মীদের প্রশ্রয়ে একটা দালাল চক্র সক্রিয় হয়ে উঠেছে। তাই হাসপাতালের সুস্থ পরিবেশের স্বার্থে এবং দালাল মুক্ত চিকিৎসার দাবীতে ডি. ওয়াই. এফ.। আই, রঘুনাথগঞ্জ লোকাল কমিটির পক্ষে হাসপাতালের সুপার ডাঃ অসীম হালদারের কাছে বিভিন্ন দাবীতে স্মারকলিপি দেওয়া হয় গত ৩১ মে। সংগঠনের পক্ষ থেকে আলোচনায় অংশ নেন সুবীর রায়, খায়রুল আহাসান, দেবব্রত ব্যানার্জী, অরুণ মুখার্জী প্রমুখ। দালাল চক্রের বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক ব্যবস্থা, অকারণে রোগীদের রেফার বন্ধ করা, আলট্রাসোনোগ্রাফি মেসিন চালু করা, আইন না মেনে প্রেসক্রিপসনে ব্রান্ড নেম ব্যবহার বন্ধ করা প্রভৃতি দাবী নিয়ে আলোচনা হয়। ডাঃ হালদার হাসপাতালের মধ্যে দালাল চক্রের নিয়ম বহির্ভূত ভূমিকার কথা স্বীকার করেন। এই চক্রর হাত অনেক গভীরে থাকায় তিনি সচেষ্ট হলেও সফল হয়নি। তাই প্রয়োজনে এফ. আই. আর. করে প্রশাসনিক ( শেষ পৃষ্ঠায় )


# আর্সেনিক মোকাবিলায়

## আর্সেনিকের বিপদ দূর

* ৮০৩৭টি হাত পাম্প লাগানো টিউবওয়েল বসিয়ে গভীরতর অ্যাকুইফার থেকে জল তোলার ব্যবস্থা।
* ২৩৭৬টি আর্সেনিক শোধন যন্ত্র বসিয়ে, চালু হাত পাম্পসহ টিউবওয়েলগুলির জল শোধন।
* নলবাহিত ভূগর্ভস্থ জল সরবরাহ প্রকল্পের জন্য ১২টি আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট।
* সারা রাজ্যে ২৯টি জল পরীক্ষাগার।
* এন জি ও পরিচালিত ২০টি আর্সেনিক পরীক্ষাগার।
* ৮০০০টি আর্সেনিক শোধনকারী গৃহে ব্যবহারযোগ্য ফিল্টার।
* আর্সেনিক আক্রান্ত ব্লকগুলিতে ৭২টি হেলথ ক্লিনিক।
* নিরাপদ টিউবওয়েলগুলিতে নীল রঙ।
* গান, চলচ্চিত্র প্রদর্শন এবং দেওয়াল লিখনের মাধ্যমে সচেতনতা বাড়ানো।

## আর্সেনিকহীন, আগামী দিন

* সারা রাজ্যে ৪৪৩টি আর্সেনিক সংক্রামণ নিবারণ প্রকল্প চালু।
* ৩৩১৯টি গ্রামে ৮১৫৩টি আর্সেনিক আক্রান্ত জনবসতির জন্য একটি পূর্ণাঙ্গ মাষ্টার প্ল্যান গ্রহণ।
* আর্সেনিক আক্রান্ত গ্রামগুলির জন্য নলবাহিত জল সরবরাহ প্রকল্প চালু।
* গ্রামাঞ্চলে বিপদগ্রস্ত লোক সংখ্যার ৫৫% ইতি মধ্যেই কর্মসূচির আওতায় এসেছে।

আগামী তিন বছরের মধ্যে রাজ্যের সব মানুষকে আর্সেনিক মুক্ত সরবরাহের ব্যবস্থা।

**আগামী তিন বছরের মধ্যে রাজ্যের সব মানুষকে আর্সেনিক মুক্ত জল সরবরাহের ব্যবস্থা**

॥ পশ্চিমবঙ্গ সরকার ॥

স্মারক সংখ্যা ঃ ৩৭৮ (২২) তথ্য। মুর্শিদাবাদ তারিখ ০৬/০৬/০৭

## সম্বর্ধনা অনুষ্ঠান ( ১ম পৃষ্ঠার পর )

পঞ্চায়েত সমিতি। পঞ্চায়েত সভাপতি এবং অনুষ্ঠানের সভাপতি সোমনাথ সিংহ রায়, কার্যনির্বাহী আধিকারিক অনির্বাণ কোলে, জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ আবু. এল. শোকরানা মন্ডল, জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফারহাদ আলী, তেঘরী বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফুরকান আলী প্রমুখ শিক্ষানুরাগীদের ভাষণে উপস্থিত ছাত্র-ছাত্রীরা শিক্ষার প্রসারে পদ্ধতিগত ত্রুটি, আর্থ সামাজিক কারণের কথা জানতে পারে। শিক্ষা থেকে বঞ্চিত ড্রপ আউট ছাত্র-ছাত্রীদের কথা বারবার তাদের বক্তব্যে উঠে আসে। তারই প্রেক্ষিতে পিছিয়ে পড়া এই রাজ্যের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে শিক্ষা এবং স্বাস্থ্যের উন্নয়নে যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে আজকের অনুষ্ঠান তারই অংগ। বর্তমান পরিসংখ্যানে প্রায় ১২ লক্ষ শিশু বিদ্যালয়ের বাইরে আছে। দেশ ও জাতির অগ্রগতির জন্য সচেতন শিক্ষানুরাগীদের সদিচ্ছা আর আন্তরিকতা নিয়ে এগিয়ে আসতে হবে। সরকারী পর্যায়ে এই প্রথম প্রয়াস ভবিষ্যৎ প্রজন্মকে শিক্ষার আলোকে অনুপ্রাণিত করবে। প্রায় ১০০০ কৃতীদের পুরস্কার তুলে দেওয়ার কথা থাকলেও আনুষ্ঠানিকভাবে এই মঞ্চ থেকে কয়েকজনকে পুরস্কৃত করা হয় এবং বাকীদের পুরস্কৃত করার কর্মসূচীও এই মঞ্চ থেকে ঘোষণা করা হয়।

## সমাধানে স্মারকলিপি ( ৩য় পৃষ্ঠার পর )

হস্তক্ষেপ করা হবে বলে প্রতিশ্রুতি দেন। রোগীদের প্রয়োজনে মাস খানেকের মধ্যে আলট্রাসোনোগ্রাফি মেসিন চালুরও তিনি আশ্বাস দেন। রোগীদের সেবায় ডাক্তারদের ভুমিকা পালনে যথাযথ ব্যবস্থা নেওয়ারও আশ্বাস দেন।

Wanted male ( age 18—40 ) Representative for Tyrant Pharmaceutical on commission base. Person should be local Raghunathganj or Jangipur Subdivision.

Cont. : 9434441959

B. S. N. L.

ভারত সঞ্চার নিগম লিমিটেড

( ভারত সরকারের একটি সংস্থা )

দায়িত্বপ্রাপ্ত জঙ্গিপুর মহকুমার

একমাত্র প্রতিনিধি

মেসার্স মা উষা ফিলিং ষ্টেশন

বি এস এন এল এর মোবাইল

পরিষেবার সমস্ত রকম কার্ড পাওয়া যায়

এছাড়া এক্সেল প্রিপেড, পোষ্টপেড, এক্সেল অনন্ত এবং বি এস এন এল মোবাইল সংক্রান্ত সমস্ত তথ্য।

বাগানবাড়ী মার্কেট

রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

সৌজন্যেঃ মেসার্স এম, পি, ধর ব্রাদার্স এ্যাণ্ড সন্স

## প্রণববাবুর আহ্বান ( ১ম পৃষ্ঠার পর )

শয্যা সংখ্যা বাড়িয়ে ১০০ করার কথাও ভাবা হচ্ছে। বিড়ি শ্রমিকদের পাশাপাশি সাধারণ মানুষও তারাপুর হাসপাতালে স্বাস্থ্য পরিষেবা পাবেন। বিড়ি শ্রমিকদের নিজস্ব জমি থাকলে গৃহ নির্মাণের জন্য প্রথম দফায় ২০ হাজার এবং পরে ২৫ হাজার টাকার অনুদান কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছে। অনুদান পাওয়ার জন্য প্রত্যেককে পাঁচ হাজার টাকা প্রথমে জমা দেওয়া একটা সমস্যা ছিল। বর্তমান নিয়মে অনুদানের সম্পূর্ণ টাকা পাওয়ার পরেই পাঁচ হাজার টাকা ওখান থেকে দেওয়া চলবে। বিড়ি শ্রমিকদের স্বাস্থ্যসম্মত বসবাসের জন্য আহিরণের কাছে তৈরী হবে এই নতুন কলোনী। আই. এন. টি. ইউ. সির. বিড়ি শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে প্রত্যেক শ্রমিকের জন্য লগ বুক, পি. এফের আওতায় আনা, সপ্তাহে ৬ দিনের কাজের অঙ্গীকার, শ্রমিকদের সামাজিক নিরাপত্তা প্রভৃতি ১৪ দফা দাবী সনদ শ্রম মন্ত্রীকে দেওয়ার জন্য প্রণববাবুর হাতে দেওয়া হয়। সেই সাথে ইন্ডিয়ান ন্যাশানাল টোব্যাকো ফেডারেশনের পক্ষ থেকেও মহিলা বিড়ি শ্রমিকদের জন্য অরঙ্গাবাদে একটা কলেজ খোলার আবেদন জানানো হয়। কেননা রাজ্যের ১৫ লক্ষ বিড়ি শ্রমিকের মধ্যে ৫ লক্ষ এই মহকুমার। যার অধিকাংশই মহিলা শ্রমিক। তাই মহিলা কলেজ খুবই প্রয়োজন।

প্রণব প্রসঙ্গঃ আগামী ২৪ জুন ফরাক্কার বল্লালপুরে রেল লাইনের ওপর হাল্কা যানবাহন চলাচলের উপযোগী সংস্কার করা ব্রীজের উদ্বোধন করবেন প্রণব মুখার্জী। ওখান থেকে হ্যালিকপ্টারে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্ক। সেখানে মিঞাপুরে কারিগরী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করবেন। এরপর ম্যাকেঞ্জি পার্ক থেকে কপ্টারযোগে বহরমপুর। ওখানে আঞ্চলিক 'পাসপোর্ট' অফিসের উদ্বোধন করবেন। কংগ্রেস সূত্রে এই খবর জানা যায়।

## আপনারা কি জানেন ? ( ১ম পৃষ্ঠার পর )

এই ধরনের দুষ্প্রাপ্য হেপাটাইটিস বি ১০০ এমপুল অবহেলার মধ্যে জঙ্গিপুর হাসপাতালে পড়ে আছে। কিছু দিনের মধ্যে এর ব্যবহারের মেয়াদও শেষ হয়ে যাবে বলে খবর। এ ব্যাপারে জঙ্গিপুর হাসপাতালের কর্ণধার সুপার ডাঃ অসীম হালদার কি বলছেন ?

## রাজীব গান্ধী ভূলুণ্ঠিত ( ১ম পৃষ্ঠার পর )

ঐ সময় যাত্রীবাহী বাস 'বিগবয়' ( No. WB 57 1121 ) থেকে যাত্রী নামছিল। তার পাশে অন্য যাত্রীবাহী ফাঁকা বাস 'সন্দীপ' ( No. WGD 1288 ) দাঁড়িয়ে ছিল। হঠাৎ একটি শক্তিমান লরি ব্যাক করতে গিয়ে 'বিগবয়' এর পেছনে সজোরে ধাক্কা মারে। এর ফলে ঐ বাস থেকে নামা তিনজন যাত্রী পড়ে গিয়ে জখম হন। নিয়ন্ত্রণহীন 'বিগবয়' এসে 'সন্দীপ' বাসে ধাক্কা মারলে ফাঁকা বাসটি সামনের তেলেভাজা ও চায়ের গুমটিকে ভেঙে দিয়ে রাজীব গান্ধীর আবক্ষ মূর্তির বেদীতে আঘাত করে দাঁড়িয়ে যায়। প্রচন্ড ধাক্কায় বেদীর ওপর থেকে আবক্ষ মূর্তিটি মাটিতে পড়ে গিয়ে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। কংগ্রেস নেতা বিকাশ নন্দের অভিযোগ—'ঐ রকম ব্যস্ত এলাকায় রাস্তা দখল করে প্রায় সময় বাসের যাত্রী ওঠানামা করে। ফাঁকা বাস রাস্তা দখল করে ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থাকে। এর ফলে যানযটে রাস্তা অবরোধ হয়েই থাকে। হাসপাতালের তিন রাস্তার মোড়েও যানবাহন নিয়ন্ত্রণে কোন ট্রাফিকের ব্যবস্থা নেই।'

দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) পিন-৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনন্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।